গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৫-১১৮ তারিখ : ০৯ বৈশাখ ১৪২২ / ২২ এপ্রিল ২০১৫

# প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নম্বর ০০৬০০৫), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), কিশোরগঞ্জ সড়ক বিভাগ, কিশোরগঞ্জ তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ০২.০৯.২০১৩ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.২০.০১৯.১২ (অংশ-১)-৪১৪ সংখ্যক অফিস আদেশে অর্থনৈতিক কোড নং-৪৯৩৬ এ প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী প্রতিটি সড়ক বিভাগ প্রস্তুতকৃত অগ্রাধিকার তালিকা অনুসারে মেরামতের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করবে, কোন অবস্থাতেই বরাদ্দের অতিরিক্ত কর্মসূচি গ্রহণ করা যাবে না এবং এ নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কর্মসূচি গ্রহণ করা হলে উহার দায় দায়িত্ব ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে মর্মে উল্লেখ থাকা সত্ত্বেও বরাদ্দের অতিরিক্ত ৭০.৮২১ লক্ষ টাকা ব্যয়ে ৭টি কাজ সম্পাদন করেছেন;

এবং

যেহেতু, আপনি কিশোরগঞ্জ সড়ক বিভাগের অনুকূলে ২০১৩-২০১৪ অর্থবছরে পিএমপি (মাইনর) উপ-খাতে (১) ইটাখোলা-মঠখোলা-কটিয়াদী সড়কের ৩৮তম কিলোমিটার হতে ৪৪তম কিলোমিটার পর্যন্ত মেরামতসহ সীলকোট কাজ (২) নান্দাইল (চৌরাস্তা)-তাড়াইল সড়কের বিভিন্ন কিলোমিটার-এ আরসিসি প্যালাসাইডিং কাজ (৩) মধুপুর বাজার (ত্রিশাল)-আনন্দগঞ্জ-গাজীপুর (গৌরীপুর) সড়কের ১৪তম (অংশ) কিলোমিটার-এ রেইনকাট ফিলিং এবং আর্থ সোল্ডার মেরামত কাজ (৪) মঠখোলা-পাকুন্দিয়া-কিশোরগঞ্জ সড়কের ২য় (অংশ) এবং ৩য় (অংশ) হতে ১১তম (অংশ) কিলোমিটার পর্যন্ত পেভমেন্ট রাইজিং কাজ (৫) মঠখোলা-পাকুন্দিয়া-কিশোরগঞ্জ সড়কের ৬ষ্ঠ (অংশ) এবং ৮ম (অংশ) কিলোমিটার-এ পটহোলস মেরামতসহ সীলকোট কাজ (৬) মঠখোলা-পাকুন্দিয়া-কিশোরগঞ্জ সড়কের ২য় ও ৩য় কিলোমিটার-এ কার্পেটিং ও সীলকোট কাজ এবং (৭) ভৈরব-মেন্দীপুর সড়কের ১ম এবং ২য় (অংশ) কিলোমিটার-এ সড়কবাঁধ ও এইচবিবি কাজগুলো গ্রহণের ফলে বরাদ্দের অতিরিক্ত ৭০.৮২১ লক্ষ টাকার কাজ সম্পাদন করে সরকারি আদেশ লঙ্ঘন করেছেন;

এবং

যেহেতু, আপনি ২০১৩-২০১৪ অর্থবছরে কিশোরগঞ্জ সড়ক বিভাগে পিএমপি (মাইনর) উপ-খাতে বরাদ্দের অতিরিক্ত ৭০.৮২১ লক্ষ টাকার কাজ সম্পাদন করে সরকারি দায়িত্ব পালনে অদক্ষতার পরিচয় দিয়েছেন;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা হওয়ায় আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০১৫ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ০৩.০৩.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ১৩.০৪.২০১৫ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

*চলমান পাতা-২*

এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবাব পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে রাষ্ট্রপ্রধান অর্থাৎ মহামান্য রাষ্ট্রপতির অভিপ্রায়, তদপ্রেক্ষিতে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর উপানুষ্ঠানিক পত্র এবং জেলা সমন্বয় সভায় অব্যাহত তাগাদার প্রেক্ষিতে ওভার প্রোগ্রামিং করতে হয়েছিল। স্বেচ্ছায় বা উদ্দেশ্য প্রণোদিতভাবে ওভার প্রোগ্রামিং করা হয়নি। এছাড়া পূর্বে কখনো এ ধরনের প্রোগ্রামিং করেননি। এজন্য অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনা করেছেন ;

এবং

সেহেতু, এক্ষণে, বর্ণিত প্রেক্ষাপটে জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নম্বর ০০৬০০৫), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), কিশোরগঞ্জ সড়ক বিভাগ, কিশোরগঞ্জ-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
*স্বাক্ষরিত/-*
*২২.০৪.২০১৫*
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৫-১১৮/১(১৪)

তারিখ : ০৯ বৈশাখ ১৪২২ / ২২ এপ্রিল ২০১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নম্বর ০০৬০০৫), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), কিশোরগঞ্জ সড়ক বিভাগ, কিশোরগঞ্জ
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

২২.০৪.১৫
(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৫৫১৯